



নং-৩০.৩১.০০০০.২১১.৩২.৯২৪.২০. ৩০০১

তারিখ: ২৩/১০/২০২০ খ্রি.

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি) এর সদর দপ্তরস্থ প্রশাসন স্টোরে ৩২ (বত্রিশ) প্রকারের পুরাতন একেজো মালামাল/যন্ত্রাংশ সংরক্ষিত আছে। উক্ত মালামাল/যন্ত্রাংশসমূহ কতিপয় শর্তসাপেক্ষে নিলাম দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। পুরাতন একেজো মালামাল/যন্ত্রাংশসমূহ ক্রয়ের জন্য ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

০১.	প্রতি সেট দরপত্রের নির্ধারিত মূল্য	:	৫০০/- (পাঁচশত টাকা) (অফেরতযোগ্য)।
০২.	নির্ধারিত আর্নেস্টমানি	:	আর্নেস্টমানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৩.	দরপত্র বিক্রয়ের স্থান ও সময়	:	অফিস চলাকালীন সময় নিম্নবর্ণিত স্থান হতে দরপত্র ক্রয় করা যাবে: হিসাব শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৪.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	২৮-১০-২০২০ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
০৫.	দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়	:	প্রশাসন বিভাগ (কক্ষ নং-২১৯), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। ২৯-১০-২০২০ খ্রিঃ, সময়: দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
০৬.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	:	প্রশাসন বিভাগ (কক্ষ নং-২১৯), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। ২৯-১০-২০২০ খ্রিঃ দুপুর ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলী: (ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীলমোহরকৃত খামের উপর দরপত্রের বিষয় সুস্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। (গ) দরপত্রে বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সমস্ত দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। (ঙ) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে নিলাম দরপত্র অনুষ্ঠিত না হলে পরবর্তী প্রথম কার্যদিবসে একই স্থানে এবং সময়ে দরপত্র অনুষ্ঠিত হবে।

মোঃ জহিরুল ইসলাম

পরিচালক (প্রশাসন)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

ফোন: ৮৯০১৪১২

বিতরণ: (কার্যার্থে)

১। পরিচালক (যোগাযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি: (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- ১। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পিএস টু চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিমানবন্দর থানা, ঢাকা/আনসার ইনচার্জ, হশাআবি, ঢাকা।
- ৫। সদস্য (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। স্টোর কিপার, প্রশাসন স্টোর শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৮। কর্তৃপক্ষের নোটিশ বোর্ড।